[redacted]

[redacted]

কোটচাঁদপুরে কঠোর লকডাউন বাস্তবায়নে সক্রিয় প্রশাসন

মহামারী করোনা সংক্রমণ রোধে বৃহস্পতিবার থেকে দেশব্যাপী সর্বাত্মক কঠোর লকডাউন ঘোষনার প্রথম দিনে সক্রিয় ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার স্থানীয় প্রশাসন, সেনাবাহিনী ও পুলিশ।

পৌর শহরের প্রধান প্রধান সড়ক ঘুরে দেখা যায় সাধারণ মানুষের তেমন চলাচল নেই। নিত্যপ্রয়োজনীয় ব্যবসা প্রতিষ্ঠান ছাড়া অধিকাংশ দোকানপাট বন্ধ। মহাসড়কে যানবাহনের চলাচল না থাকলেও শহরের মধ্যে মোটরসাইকেল ও ইজ্ঞিন চালিত যান চলাচল লক্ষ করা যায়। একদিকে প্রশাসনের নজরদারী অপরদিকে সকাল থেকেই থেমে থেমে আষাঢ়ের বৃষ্টিতে সাধারণ মানুষ প্রয়োজন ছাড়া ঘর থেকে বের হতে দেখা যায়নি। অনেকে আবার বৃষ্টির মধ্যেই বের হয়েছেন প্রয়োজনীয় কাজ সারতে।

অন্যদিকে দিন মজুর, খেটে খাওয়া নিম্ন আয়ের মানুষেরা পরিবারের সদস্যদের মুখে খাবার তুলে দিতে লকডাউন ও আষাঢ়ের বৃষ্টি উপেক্ষা করে বের হয়েছেন উপার্জনের আশায়। সরকার ঘোষিত প্রজ্ঞাপন অনুযায়ী নির্দেশনা বাস্তবায়নে লকডাউন সফল করতে গণপরিবহন ও দোকানপাট বন্ধ রাখা এবং অপ্রয়োজনে ঘর থেকে বের না হওয়া, সেই সাথে সামাজিক দুরুত্ব বজায় রাখাসহ মাস্ক পরিধানে সচেতনতা সৃষ্টিতে কাজ করছে প্রশাসন।

এসময় জনসাধারণের মধ্যে সচেতন করতে নির্দেশনা ও আইন অমান্যকারী অনেক ব্যবসা প্রতিষ্ঠানে জরিমানা করেন দায়িত্বরত নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার আছাদুজ্জামান রিপন। এরই মধ্যে কিছু মানুষের মধ্যে উদাসীনতা লক্ষ্য করা যায়। প্রশাসনের সচেতনতামূলক কোন কর্মসূচীই যেন পৌঁছাচ্ছে না এই সব মানুষের মধ্যে। প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে অনেক ব্যবসায়ী স্বাস্থ্যবিধি না মেনেই অবাধে ব্যবসা চালিযে যাচ্ছেন। এমনকি মাস্ক ব্যবহারেও রয়েছে অনিহা। দেখে বুঝার উপাই নেই মহামারী করোনার থাবা পড়েছে এই দেশে।

এদের অনেকে প্রশাসনের হাতে ধরা পড়ে অনেক সময় গুনতে হচ্ছে জরিমানা। কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট আছাদুজ্জামান রিপন জানান, সরকারি নির্দেশনা

বাস্তবায়নে স্থানীয় উপজেলা প্রশাসনের সহযোগিতায় পুলিশ, সেনাবাহিনী, গ্রাম পুলিশ ও আনসার সদস্যরা দিন রাত কাজ করে যাচ্ছে। বাড়ানো হয়েছে নজরদারি। বিভিন্ন সময়ে মোবাইল কোর্টের মাধ্যমে করা হচ্ছে জরিমানা। তিনি বলেন, সবার আগে প্রথমে আমাদের নিজেদেরকে সচেতন হতে হবে। নিজে বাঁচলে বাঁচবে তার পরিবার, রক্ষা পাবে দেশ ও জাতি।

মেহেরপুরে নতুন করে আরও ৪৭ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ৪৭ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদর উপজেলায় ৩০ জন, গাংনীতে ১০ জন এবং মুজিবনগরে ৭ জন।

বৃহস্পিতবার রাতে মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১১৫টি। তারমধ্যে ৪৭ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৫২৬ জন। তার মধ্যে সদরে ২০৯ জন, গাংনীতে ২১৬ জন এবং মুজিবনগরে ১০১ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ৫৪ জন। মৃতদের মধ্যে সদরে ২০ জন, গাংনী ২২ জন ও মুজিবনগরে ১২ জন।

এসময় তিনি সবাইকে সামাজিক দূরত্ব, নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জন সমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।

মিরপুরে মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ায় ৫০ পিস টাপেন্টাডল ট্যাবলেট সহ মোঃ সাকিল সর্দার নামের এক যুবককে আটক করেছে পুলিশ।

বৃহস্পতিবার দুপুরে কুষ্টিয়ার মিরপুর উপজেলার তালবাড়ীয়া ইউনিয়নের শামুখিয়া এলাকা থেকে তাকে আটক করা হয়।

আটককৃত সাকিল সর্দার মিরপুর উপজেলার তালবাড়ীয়া ইউনিয়নের শামুখিয়া এলাকার নুরুল ইসলাম সর্দারের ছেলে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা জানান, গোপন সংবাদের ভিত্তিতে সাকিল সর্দারকে আটক করা হয়। এসময় তার কাছে থাকা ৫০ পিস টাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়। সে চিহ্নিত মাদক ব্যবসায়ী বলেও জানান তিনি।

আটককৃত সাকিল সর্দোরের বিরুদ্ধে নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।

এদিকে জেলা পুলিশ সুপার (এসপি) খাইরুল ইসলামের নির্দেশনায় কুষ্টিয়া মডেল থানা এলাকার সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষার্থে চলমান অভিযান অব্যাহত থাকবে বলেও জানান ওসি।

লকডাউনের প্রথম দিনে কুষ্টিয়ায় মানুষের চলাচল কমেছে

: করোনার সংক্রমণ নিয়ন্ত্রণে সারা দেশে শুরু হয়েছে কঠোর লকডাউন। আজ সকাল থেকে শুরু করে ৭ জুলাই পর্যন্ত বলবৎ থাকবে এই লকডাউন। কঠোর লকডাউনের প্রথম দিনে কুষ্টিয়ায় মানুষের চলাচল কমেছে; ফলে অনেকটাই ফাঁকা ফাঁকা দেখো গেছে শহরও উপজেলার বিভিন্ন এলাকা। অবশ্য সকাল থেকেই গুড়ি গুড়ি বৃষ্টি হতে হতে দুপুর পর্যন্ত ভারী বর্ষণের ফলে রাস্তায় মানুষের তেমন দেখা নেই।

ওই গণবিজ্ঞপ্তিতে আরো উল্লেখ করা হয়েছে, অতি জরুরি প্রয়োজন ছাড়া (ওষুধ ও নিত্যপ্রয়োজনীয় পণ্য কেনা, চিকিৎসাসেবা, মরদেহ দাফন বা সৎকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না। জরুরি প্রয়োজনে যারা ঘর থেকে বের হবেন, তাদের অবশ্যই মাস্ক পরতে হবে।

আইন-শৃঙ্খলা এবং জরুরি পরিষেবা (কৃষি উপকরণ, খাদ্যশস্য ও খাদ্যদ্রব্য পরিবহন, ত্রাণ বিতরণ, স্বাস্থ্যসেবা, গণমাধ্যম, বিদ্যুৎ, পানি, জ্বালানি তেল, ফায়ার সার্ভিস) চালু থাকবে। এসব প্রতিষ্ঠানের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতামুক্ত থাকবে।

জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম লকডাউনের সময় সবাইকে এসব বিধিনিষেধ মেনে চলার নির্দেশ দেন। অন্যথায় প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানান তিনি।

কুষ্টিয়ায় গত ২৪ ঘণ্টায় ৮৩০ নমুনা পরীক্ষায় ৩২৪ জনের শরীরে করোনা ভাইরাসের (কোভিড-১৯) অস্তিত্ব মিলেছে। জেলায় এটিই এখন পর্যন্ত এক দিনে সর্বোচ্চ শনাক্তের রেকর্ড। এছাড়াও এই সময়ের মধ্যে ৯ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে জেলায় মোট শনাক্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৮ হাজার ৫০ জন এবং মারা গেছেন ২১১ জন। সুস্থ হয়েছেন ৫ হাজার ৫৩৫ জন।

ঝিনাইদহে ২৪ ঘন্টায় করোনা আক্রান্ত ও উপসর্গ নিয়ে ১১ জনের মৃত্যু

ঝিনাইদহে গত ২৪ ঘন্টায় করোনা আক্রান্ত ও উপসর্গ নিয়ে ১১ জনের মৃত্যু হয়েছে। আর আক্রন্ত হয়েছে ৯৭ জন। এর মধ্যে করোনা আক্রান্ত হয়ে সদরে ৩জন ও মহেশপুরে ১জনের মৃত্যু হয়। আর উপসর্গ নিয়ে ঝিনাইদহ সদর উপজেলার চান্দুয়ালী গ্রামে এক জন, কোঁটচাদপুর দুই জন, শৈলকূপার শিক্ষক পাড়ায় এক জন এবং মহেশপুরে তিন জনের মৃত্যু

হয়। জেলা সিভিল সার্জন অফিস এ খবরের সত্যতা নিশ্চিত করেছেন।

জেলা সিভিল সার্জন ডা: সেলিনা বেগম জানান জেলায় গত ২৪ ঘন্টায় সদর হাসপাতাল ল্যাব থেকে ২৪৪ টি নমুনার ফলা ফল হাতে এসেছে। এর মধ্যে ৯৭ জনের দেহে করোনার ধরা পরেছে। আর এসময়ের মধ্যে করোনায় আক্রান্ত ও উপসর্গ নিয়ে ১১ জনের মৃত্যু হয়েছে।

ঝিনাইদহ সদর হাসপাতালের তত্বাবধায়ক ডাক্তার হারুন-অর-রশিদ জানান, বর্তমানে ঝিনাইদহ সদর হাসপাতালের করোনা ইউনিটে প্রতিদিন নতুন নতুন রোগী ভর্তি হচ্ছে। রোগীর চাপ সামলাতে করোনা ইউনিটের শয্যা সংখ্যা বাড়ানো হয়েছে। বাড়তি রোগীর কারণে চিকিৎসা দিতে হিমশিম খাচ্ছে চিকিৎসক ও সংশ্লিষ্টরা।

কঠোর লকডাউনের প্রথম দিন জনশুন্য মুজিবনগর

মেহেরপুর জেলায় খুব দ্রুত আকারে করোনা সংকট বৃদ্ধি পাওয়ায় আগামী ১ সপ্তাহের কঠোর লকডাউনের প্রথম দিনে জনশুন্য মুজিবনগর। মুজিবনগর উপজেলার কেদারগন্জ বাজার প্রাঙ্গনে তারই বাস্তব চিত্র দেখা যায়। অতি প্রয়োজন ছাড়া কাউকে বাইরে বের হতে দেখা যায় নি।

তবে সকাল থেকে পুলিশ সদস্যদের তদারকি করতে দেখা গেছে। এছাড়া সেনাবাহিনির একটি টহল টিম মুজিবনগর এসেছে।
এ সময় রাস্তায় যারা অযাথা ঘোরাঘুরি করছে তাদের বাসায় অবস্থান করা ও মাস্ক পরিধানসহ সচেতনতা অভিযান চালাই।
সব মিলিয়ে কেদারগন্জ বাজারের অবস্থা স্বাভাবিক।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ইতোমধ্যে মেহেরপুর এসে পৌঁছেছে। যশোর সেনানিবাস ১৭ ফিল্ড আর্টিলারি রেজিমেন্টের সিও লেফটেন্যান্ট কর্ণেল রিয়াজুল ইসলামের নেতৃত্বে সেনা সদস্যরা মেহেরপুরে এসে পৌঁছান।

জেলায় কঠোরভাবে লকডাউন বাস্তবায়ন করার লক্ষে নির্বাহী ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে শহরসহ জেলার ৩ উপজেলায় সেনাবাহিনী লকডাউন সফল করতে দুপুরের পর থেকেই মাঠে নামবেন বলে জানা গেছে।

কুষ্টিয়া-১ আসনের এমপি সরওয়ার জাহান বাদশা করোনায় আক্রান্ত

কুষ্টিয়া-১ আসনের (দৌলতপুর) সংসদ সদস্য আ ক ম সরওয়ার জাহান বাদশাহ করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। বিষয়টি নিশ্চিত করেছেন এমপিপুত্র শাইখ আল জাহান শুভ্র ও সংসদ সদস্যের পিএস জিয়াউল কবির সুমন।

বাদশাহ এমপি কয়েক দিন ধরে ঠান্ডা-জ্বরে ভুগছিলেন। পরীক্ষা করালে তার শরীরে করোনাভাইরাসের উপস্থিতি পাওয়া যায়।

বুধবার (৩০ জুন) তার করোনা শনাক্ত হয়েছেন। তিনি ভালো আছেন। ঢাকায় হোম আইসোলেশনে তিনি চিকিৎসাধীন অবস্থায় রয়েছেন।

সরোয়ার জাহান বাদশাহ ছাত্রলীগের রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ছিলেন। তিনি সর্বশেষ জাতীয় সংসদ নির্বাচনে কুষ্টিয়া-১ আসন থেকে আওয়ামী লীগের মনোনয়নে প্রথমবারের মতো সংসদ সদস্য নির্বাচিত হন।